

তারিখ: ০৩-০৭-২০২২, স্থিতিশৰ্ম্ম

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৩-০৭-২০২২ খ্রি. তারিখ, রবিবার উচ্চেন মে, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এর নেতৃত্বে “দ্যা বুফে প্যালেস রেষ্টুরেন্ট এন্ড পার্টি সেন্টার”, মোহাম্মদপুর, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানকালে রান্ধাঘরতে অত্যন্ত নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশ পাওয়া যায়। লেভেলবিহীন বেশ কিছু পণ্যের মজুদ করতে দেখা যায়। কর্মচারীদের স্বাস্থ্য সনদ, প্রেমিসেস লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হয়।। এ সকল অপরাধে “দ্যা বুফে প্যালেস রেষ্টুরেন্ট এন্ড পার্টি সেন্টার” কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর বিধান অনুযায়ী ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) অর্থদণ্ড প্রদান করা হয়। ব্যবস্থাপক তার অপরাধ স্থীকার না করায় উক্ত রেষ্টুরেন্ট এর বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করা হয়।

“দ্যা বুফে প্যালেস রেষ্টুরেন্ট এন্ড পার্টি সেন্টার” কর্তৃপক্ষকে খাদ্যব্য উৎপাদন, মোড়কীকরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য বুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়। “দ্যা বুফে প্যালেস রেষ্টুরেন্ট এন্ড পার্টি সেন্টার” কর্তৃপক্ষও নির্দেশনা মেনে চলবেন বলে অঙ্গীকার করেন।

অভিযানকালে জনাব ছানোয়ার হোসেন, নিরাপদ খাদ্য পরিদর্শক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, অত্র কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ান আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।